1.	LOAN ACCOUNT NO. X0HEGKL00001133720 Borrower & Co-borrowers 1.AYON GHOSH, 2.SHOBHENDRA KUMAR GHOSH @ SOVENDRA KUMAR GHOSH, 3. TAPATI GHOSH, 4. SAS CONSULTANCY SERVICES, 5.ISHANI GHOSH, All are residing at : Flat No. 1B & 1C, 1st Floor, James Court, No 11-9, Diamond Harbour Road, Taratala, Kolkata – 700038.	08.10.2020	Rs. 67,25,311.87 as on 28.02.2020	Property No.1: All that One Flat being Flat No.1B on the First Floor at North East Side of the Building together With Undivided 254.02 Square Feet Proportionate Share and interest out Of Land Admeasuring 4 Cottahs 2 Chittacks and 15 Square Feet lying and situated at Mouza Sahapur Mouza : No.93, 101, R.S. Plot Nos. 17,18, Khaitan No.883, J.L No.8, R.S. No.179 being Premises No.11/9, Diamond Harbour Road, Kolkata-700038, Police Station- Behala, within the limits of Kolkata Municipal Corporation. Property No.2: All that One Flat being Flat No. 1C on the First Floor at North East Side of the Building together with Undivided 205.37 Square Feet Proportionate Share and interest out Of Land Admeasuring 4 Cottahs 2 Chittacks and 15 Square Feet lying and situated at Mouza Sahapur Mouza : No.93, 101, R.S. Plot Nos. 17,18, Khaitan No.883, J.L No.8, R.S. No.179 being Premises No.11/9, Diamond Harbour Road, Kolkata-700038, Police Station- Behala, within the limits of Kolkata Municipal Corporation.	04.05.2021

Date : 07.05.2021
Place: Kolkatta

AUTHORISED OFFICER
M/s. Cholamandalam Investment and Finance Company Limited

AXIS BANK
Structured Assets Group - East
1, Shakespeare Sarani, 4th Floor
Kolkata - 700 071, Ph. : 033 6627 2035

SALE NOTICE FOR SALE OF IMMOVABLE PROPERTY

E-Auction Sale Notice for Sale of Immovable Asset under the Securitisation and Reconstruction of Financial Asset and Enforcement of Security Interest Act, 2002 read with proviso to Rule 8(6) of the Security Interest (Enforcement) Rules, 2002.
Whereas; the Authorised Officer of Axis Bank Limited, under the Securitisation and Reconstruction of Financial Assets and Enforcement of Security Interest Act, 2002 and in exercise of powers conferred under Section 13 (12) read with Rule 3 of the Security Interest (Enforcement) Rules, 2002 issued Demand Notices dated 23.11.2017 calling upon the Borrowers / Guarantors to repay the amount along with interest mentioned in the said notice.
Notice is hereby given to the public in general and in particular to the Borrower(s) and Guarantor(s) and Mortgagor(s) that the below described Immovable Property mortgaged / charged to the Axis Bank Ltd. (Secured Creditor), the Physical Possession of which has been taken by the Authorised Officer of Axis Bank Ltd., will be sold on "As is Where is Basis", "As is What is", "Whatever There is" and "No Recourse Basis" on 28-May-2021, for recovery of Rs. 5,14,39,174.35 (Rupees Five Crore Fourteen Lacs Thirty Nine Thousand One Hundred Seventy Four and Paisa Thirty Five Only) being the amount due to Axis Bank Ltd. (Secured Creditor) on 18.11.2017 (this amount includes interest applied till 30.09.2017) together with further interests, w.e.f. 01.10.2017 from Borrower / Guarantors / Mortgagor : (1) Hi Tech Foods Pvt. Ltd., Kandarsona, NH - 2, P.O.- Shaktigarh, Burdwan, Pin - 713 149, (2) Mr. Prakash Roy, G. T. Road, Burdwan, Burdwan Sadar, Pin - 713 103, (3) Mrs. Dulali Roy, W/o. Prakash Roy, G. T. Road, Burdwan, Burdwan Sadar, Pin-713 103.

Sl. No.	Details of the Security	Reserve Price (Rs. In Lacs)	EMD (Rs. In Lacs)
1.	Commercial property along with all movable assets of the Company present therein situated at Land & Building located at Plot Nos. 5, 6 and 7, Vill - Kandarsona, under Baikunthapur - I, Gram Panchayet, P.S. & Dist - Bardhaman, Mouza - Kandarsona, J.L. No. 086, Khatian No. LR - 995, 860, admeasuring 99 dec (For Plot No. 5 - 39 Dec, For Plot No. 6 -18 Dec & For Plot No. 7 - 42 Dec). Encumbrances : Not Known to the Bank	294.00	29.40

-: Terms and Condition of E- auction Sale :-

(1) The Secured Assets will be sold by e-auction t hrough bank approved service provider M/s. E-Procurement Technologies Ltd. (auction tiger) who are assisting the Authorised Officer in conducting the online auction. (2) The above secured assets will be sold in "AS IS WHERE IS" and "AS IS WHAT IS" and "WHATEVER THERE IS" and "NO RECOURSE" condition. (3) Auction sale / biding would be only through "Online Electronic Bidding" process through the website https://axisbank.auctiontiger.net on 28-May-2021 between 11:00 A.M. to 12:00 Noon with unlimited extension of 5 minutes at the discretion of the Authorized Officer. (4) EMD (10% of the notified reserve price) is to be paid through Demand draft drawn in favour of Authorized Officer, Axis Bank Ltd., payable at par. Last date for Bid submission with EMD amount is 27-May-2021 by 5.00 P.M. Full name of the bidder, Address & Contact No. & E-mail ID should be mentioned at the back of the demand draft (EMD). (5) Bid can be submitted on a plain paper quoting bid price along with the detail of bidder (KYC documents, i.e. Photo ID proof, PAN card & Address proof & E-mail ID) in a sealed envelope & EMD to Axis Bank Ltd, Structured Assets Group, 4th Floor, AC Market Building, 1, Shakespeare Sarani, Kolkata- 700 071. (6) Auction would not commence below reserve price as mentioned above. Bidders shall be allowed to improve their offers in multiple of Rs. 10,000.00. (7) The intending bidders should hold a valid e-mail id and register their names at portal https://axisbank.auctiontiger.net and get their User ID and password free of cost from M/s. e-Procurement Technologies Ltd. Whereupon they would be allowed to participate in online e-auction. (8) Prospective bidders may avail online training on E-Auction from M/s. E-Procurement Technologies Ltd. (Auction Tiger), Kolkata. Contact persons: Mr. Hardik Gauswami, Mobile: 79681 36885 or 99784 34773, Email ID: wb@auctiontiger.net, support@auctiontiger.net. Toll Free No.: 1800-103-5342. (9) EMD amount shall be adjusted in case of the highest/successful bidder and the EMD amount of remaining bidders will be returned at the address mentioned in the bid application (within 2 working days of finalization of sale) to unsuccessful bidders or they can collect the same personally by visiting Axis Bank Ltd, Structured Assets Group, 4th Floor, AC Market Building, 1, Shakespeare Sarani, Kolkata - 700 071. The EMD shall not carry interest, (10) Interested parties can inspect the properties at site by contacting at Structured Assets Group - East Office at 98300 66820. (11) Highest / successful bidder shall deposit 25% of the amount of sale price after adjusting the Earnest Money Deposit within 24 hours of acceptance of highest bid by the Authorized officer failing which the earnest money deposit shall be forfeited. The highest bidder shall be declared to be the purchaser of the property provided he is legally qualified to bid. The balance 75% of the sale price shall be paid by the purchaser within 15 days of confirmation of sale by the authorized officer or such extended period as agreed upon in writing by and solely at the discretion of the authorized officer. (12) On failure of the successful bidder in paying the balance amount, the entire deposit amount paid by the bidder shall be forfeited without any notice unless time is extended further in writing by the Secured Creditor (The Bank) and property will be resold. Payment is to be made in the form of banker's cheque / demand draft in favour of Authorized Officer, Axis Bank Limited, payable at par. (13) The EMD amount shall be liable for forfeiture without prior notice, if the successful Bidder fails to adhere to the terms and conditions of the Auction sale. (14) The property mentioned above shall not be sold below the reserve price fixed. (15) The Bank shall not be held responsible / liable for any charge, lien, encumbrance, property tax or any other dues to the government or anybody in respect of the property under the sale. The Bank does not undertake any responsibility to procure any permission/license etc. in respect of the secured assets/properties offered for sale in respect of the said properties / secured assets. (16) Axis Bank Limited reserves their rights to accept or to reject the highest and / or all offer/s or adjourn/postpone the auction without assigning any reason thereof and also to modify any or all the terms and conditions of the sale without prior notice. (17) Acceptance of highest bid will be subject to the approval of Competent Authority of the Bank. The Bank also reserves the right to sell the properties by any of the modes prescribed under the SARFAESI Rules, 2002. (18) The successful bidder should bear the charges / fees payable for conveyance such as Stamp Duty Registration Fees, Taxes, incidental expenses etc. as applicable as per law. The successful bidder shall also bear all statutory dues if any. (19) Nothing in this notice constitutes or will be deemed to constitute any commitment or representation on the part of the Bank to sell the above properties. Bank / Authorized officer reserves the right to cancel the sale for any reason it may deem fit or even without assigning any reason and such cancellation shall not be called in question by the bidders. (20) It is the responsibility of the Tenderers to inspect and satisfy themselves about the Assets and specifications before participating in the tender. (21) Any statutory dues shall be borne by the purchaser. (22) The sale certificate/certificate of sale will be delivered only after the payment of the entire bid amount and other charges if any including GST/TDS wherever applicable. (23) Special instruction & caution: Bidding in the last minutes / seconds should be avoided by the bidders in their own interest. Neither Axis bank nor the service provider will be responsible for any lapses/failure (internet failure, Power failure etc.) on the part of the vendor in such cases. In order to ward off such contingent situation bidders are requested to make all the necessary arrangements/alternatives such as back-up power supply and whatever else required so that they are able to circumvent such situation and are able to participate in the auction successfully. (24) The sale notice along with detailed terms and condition of sale are made available in the website of Axis Bank Limited at the link www.axisbank.com/auction-notices.

Date: 07.05.2021
Place: Kolkata, West Bengal

Sd/- Authorised Officer
Axis Bank Ltd.

EKDIN 07.05.21 PAGE 7_P-7-AMAR BANGLA-120917.qxd 06-05-2021 8:22 PM Page 1

রাজনৈতিক হিংসায় আক্রান্ত আইএসএফ ও বিজেপির কর্মীরা

নিজস্ব প্রতিবেদন, গোসাবা: নির্বাচনের ফল ঘোষণার পর থেকেই রাজনৈতিক সন্ত্রাস শুরু হয়েছে দক্ষিণ ২৪ পরগনার নানা প্রান্তে। বেশিরভাগ ক্ষেত্রেই তৃণমূলের দুষ্কৃতীরা বিজেপি কর্মীদের বাড়িঘর, দোকানপাট ভাঙচুর করছে বলে অভিযোগ উঠছে। সে কথা অবশ্য অস্বীকার করছেন শাসক দলের নেতারা।

মঙ্গলবার রাতে গোসাবার সাতজেলিয়া পঞ্চায়েত এলাকায় বিজেপি কর্মী-সমর্থকদের বাড়ি ঢুকে তাদের মারধর করে রেশনের চাল ও অন্যান্য সামগ্রী লুট করে নিয়ে আসা হয় বলে অভিযোগ। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কয়েকজনকে আটক করা হয়। বুধবার সকালে গোসাবার শম্ভুনগর পঞ্চায়েত এলাকার বহু বিজেপি কর্মীর বাড়িতে হামলা হয়। বিপ্রদাসপুর এলাকায় ১০-১২ জন বিজেপি কর্মীর বাড়িতে হামলা চলে বলে অভিযোগ।

ঝড়খালিতে মঙ্গলবার রাতে ফের গোলমাল হলে পুলিশ গিয়ে কয়েকজনকে আটক করে। বাসন্তীর চড়াবিদ্যা পঞ্চায়েত এলাকায় একাধিক বিজেপি ও আরএসপি কর্মীর বাড়িতে হামলার অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। অভিযোগ, সংযুক্ত মোর্চার প্রার্থী তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী সুভাষ নস্করের কুমড়োখালির বাড়িতেও চড়াও হয় তৃণমূলের দুষ্কৃতীরা। সে কথা অবশ্য মানেনি তৃণমূল।

ক্যানিং পশ্চিম বিধানসভা কেন্দ্রের একাধিক জায়গায় মঙ্গলবার রাতে সন্ত্রাস চলে। বুধবার সকালেও তালদি বাজারে তৃণমূল কর্মীরা চড়াও হয়ে এক বিজেপি কর্মীর দোকানে ভাঙচুর ও লুটপাট চালায় বলে অভিযোগ। পুলিশ তিনজনকে গ্রেপ্তার করে। ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশরাম দাস বলেন, 'কারা এই অশান্তি ছড়াচ্ছে জানি না। দল ও প্রশাসনের তরফে এলাকায় শান্তি রাখার জন্য স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।'

ভাঙড়ে আবার আইএসএফ প্রার্থীর জয়ের পর এই কেন্দ্রের তৃণমূল কর্মীদের মারধর ও বাড়িতে ভাঙচুর চালানো হচ্ছে বলে অভিযোগ উঠছে। মঙ্গলবার রাতে ভাঙড়ের নলপুকপরের গাবতলা এলাকায় এক তৃণমূল কর্মীর তুলোর গোডাউনে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ ওঠে আইএসএফ কর্মীদের বিরুদ্ধে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ ও দমকলের একটি ইঞ্জিন। ঘণ্টাখানেকের চেষ্টায় আগুন আয়ত্তে আনেন দমকলকর্মীরা।

ভাঙড়ের কাশীপুর থানার চণ্ডীহাট, জয়পুর, নিমকুড়িয়া, শানপুকুর, গনিরআইট, কোচপুকুর, কৃষ্ণমাটি-সহ বিভিন্ন এলাকায়ও তৃণমূল কর্মীদের বাড়িঘর, দোকান ভাঙচুর, লুঠপাট, মারধর করার অভিযোগ ওঠে। একাধিক জায়গায় তৃণমূল-আইএসএফ গোলমাল বাধে। পুলিশ গিয়ে নিয়ন্ত্রণ করে।

আইএসএফের ভাঙড় ১ ব্লকের সভাপতি শরিফুল মোল্লা অবশ্য বলেন, 'ভোটে হেরে যাওয়ার পর থেকে তৃণমূল কর্মীরাই আমাদের মারধর করছে। পুলিশ সহযোগিতা করছে না। ওরা আমাদের নামে মিথ্যা অভিযোগ করছে।'

ক্যানিং পূর্ব বিধানসভা এলাকায় বিজেপি, আইএসএফ কর্মীদের উপর আক্রমণের অভিযোগ উঠছে তৃণমূলের বিরুদ্ধে। গত দু'দিন ধরে এই বিধানসভা এলাকার মঠেরদিঘি, তাম্বুলদহ, তাড়দহ-সহ বিভিন্ন এলাকায় বিরোধী দলের নেতা কর্মীদের বাড়িঘর, দোকান ভাঙচুর করা হচ্ছে বলে অভিযোগ। বুলডোজার দিয়ে বাড়িঘর ভাঙচুর করা হচ্ছে বলে অভিযোগ। ক্যানিং পশ্চিমের জয়ী তৃণমূল প্রার্থী শওকত মোল্লা বলেন, 'কোথাও কোনও গন্ডগোল না করার জন্য দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছি। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সব রকম ভাবে চেষ্টা করা হচ্ছে।'

বুধবার বিকেলে ডায়মন্ড হারবারের কুলেশ্বর ফকিরপাড়ায় আইএসএফ সমর্থকদের বাড়িতে ভাঙচুর, লুটপাট চালিয়ে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের দুষ্কৃতীদের বিরুদ্ধে। দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে এসে আগুন নেভায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই পাড়ায় দুই পরিবারের মধ্যে জমির দখল নিয়ে বিবাদ চলছিল। দুই পরিবারের একটি তৃণমূল ও অন্যটি সংযুক্ত মোর্চার সমর্থক। অভিযোগ, তৃণমূল জেতার পরে এ দিন বিকেলে জোর করে জমির দখল নিতে যায় তৃণমূল সমর্থক পরিবারের সদস্যেরা। হাতাহাতি বাধে। দুই পক্ষের কয়েকজন জখম হয়। অভিযোগ, এরপরেই তৃণমূলে দুষ্কৃতীরা আইএসএফ কর্মী-সমর্থকদের বাড়িতে আগুন লাগিয়ে দেয়।

ডায়মন্ড হারবার ১ ব্লকের তৃণমূলের সভাপতি উমাপদ পুরকাইত অবশ্য বলেন, 'মিথ্যা অভিযোগ করা হচ্ছে। পারিবারিক বিষয়ে ওই ঘটনা ঘটেছে। এতে রাজনীতির কোনও যোগ নেই।'

শীতলকুচি গুলি-কাণ্ড: সাসপেন্ড পুলিশ সুপার

নিজস্ব প্রতিবেদন, কোচবিহার: রাজ্যে ক্ষমতায় ফিরতেই প্রশাসনিক স্তরে একাধিক রদবদল ঘটিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বদল হয়েছে পুলিশ কর্তারাও। কোপ পড়েছে কোচবিহার পুলিশ সুপারের ওপরেও। প্রশাসন সূত্রের খবর, ভোটের সময় শীতলকুচিতে কেন্দ্রীয় জওয়ানদের গুলি চালানোর ঘটনার জেরেই সুপারকে সাসপেন্ড করা হল।

কোন পরিস্থিতিতে কেন্দ্রীয় জওয়ানরা ভোটারদের উপর গুলি চালিয়েছিল, তা নিয়ে তদন্ত শুরু করেছে রাজ্য। ইতিমধ্যে সিআইডি

কোচবিহার

সিট গঠন করেছে। যার নেতৃত্ব রয়েছেন ডিআইজি সিআইডি। ভোটের আগেই দিনহাটায় এক বিজেপি নেতার রহস্যমৃত্যু হয়। সেই মৃত্যুকে কেন্দ্র করে উত্তাল হয় দিনহাটা। বিজেপি সাংসদ তথা বিধায়ক নিশীথ প্রামাণিকের নেতৃত্বে দিনহাটার শহরাঞ্চলে ব্যাপক বিক্ষোভ দেখায় বিজেপি নেতা-কর্মীরা। এর পরই নির্বাচন কমিশনের কোপে পড়েছিল কোচবিহারের তৎকালীন পুলিশ সুপার কে কান্নান। তাঁকে সরিয়ে জেলার পুলিশ সুপার করা হয় দেবাশিস ধরকে। তৃণমূলের একাংশের অভিযোগ ছিল, দেবাশিসবাবু বিজেপির হয়ে ভোটের সময় কাজ করছিলেন।

এর মাঝেই চতুর্থ দফা ভোটের দিন অর্থাৎ ১০ এপ্রিল শীতলকুচি বিধানসভার অন্তর্গত জোড়পাটকির ১২৬ নং বুথে ভোটারদের উপর গুলি চালানোর অভিযোগ ওঠে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের বিরুদ্ধে। চারজনের মৃত্যুও হয়। এই ঘটনায় তোলপাড় হয় বঙ্গ রাজনীতি। কিন্তু তৎকালীন পুলিশ সুপার দেবাশিস ধর জানান, কেন্দ্রীয় বাহিনীর বন্দুক ছিনতাই করার মতো পরিস্থিতি তৈরি হয়েছিল। গুজবের জেরে প্রায় ১৫০ জন গ্রামবাসী ঘিরে ফেলেছিলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের। তাই আত্মরক্ষার স্বার্থে গুলি চালাতে বাধ্য হয় জওয়ানরা। সে কথা অবশ্য মানতে রাজি ছিলেন না তৃণমূল নেত্রী তথা রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি ছুটে গিয়েছিল শীতলকুচিতে। আশ্বাস দিয়েছিলেন ক্ষমতায় ফিরলে গুলিকাণ্ডের তদন্ত হবে। প্রশাসনিক সূত্রে খবর, কোন পরিস্থিতিতে কেন্দ্রীয় বাহিনী গুলি চালিয়েছিল তা তদন্ত করে দেখা হবে। সূত্রের খবর, শীতলকুচি কাণ্ডের জেরে বুধবার সন্ধেয় কোচবিহারের পুলিশ সুপার দেবাশিস ধরকে সরিয়ে দেয় রাজ্য। রাতে তাঁকে সাসপেন্ড করা হয়। সেই পদে পুনর্বহাল করা হল কে কান্নানকে।

বারাসত জেলা সদর হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট তৈরির সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদন, বারাসত: বর্তমান পরিস্থিতিতে চাহিদা মেটাতে বারাসাত জেলা সদর হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট তৈরির সিদ্ধান্ত নিল জেলা স্বাস্থ্য দপ্তর। আগামী শুক্রবার থেকে প্ল্যান্টের কাজ শুরু হবে। সপ্তাখানের মধ্যেই প্ল্যান্ট থেকে উৎপন্ন অক্সিজেন মানুষের সেবায় ব্যবহৃত হবে। শুধু বারাসত জেলা সদর হাসপাতালেই নয়, বারাসাত স্বাস্থ্য জেলার সাতটি জায়গায় এমনই প্ল্যান্ট বসানোর সিদ্ধান্ত নেওয়া হতেছে বলে জেলা স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে।

করোনা অতিমারিতে জেলার হাসপাতালগুলিতে রোগীর সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে। আক্রান্তের তুলনায় বেড কম থাকায় অনেকেই ভর্তি হতে পারছেন না। চাহিদার তুলনায় অক্সিজেনের ঘাটতি রয়েছে। হাহাকার চলছে অক্সিজেনের। এই পরিস্থিতিতে চাহিদা মেটাতেই জেলা সদর বারাসতের সরকারি হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট বসানোর সিদ্ধান্ত নিয়েছেন জেলা স্বাস্থ্য দপ্তর। এখান থেকে উৎপাদিত অক্সিজেন পাইপ লাইনের মাধ্যমে সরাসরি হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে নিয়ে যাওয়া হবে। পাশাপাশি সিলিন্ডারেও ভর্তি করা হবে বলেও হাসপাতাল সূত্রে জানা গিয়েছে। এতদিন বাইরের এজেন্সির মাধ্যমে বারাসত জেলা হাসপাতালে অক্সিজেন সরবরাহ হত। এবার বারাসত হাসপাতালের নিজস্ব অক্সিজেন প্ল্যান্ট তৈরি হওয়ার ফলে করোনা আক্রান্ত-সহ অন্যান্য রোগীদের অক্সিজেন পেতে আর সমস্যা হবে না। পাশাপাশি জেলার অন্যান্য কোভিড হাসপাতালেরও অক্সিজেনের ঘাটতি পূরণ করা সম্ভব হবে। শুধু জেলা হাসপাতালেই নয়, উত্তর চব্বিশ পরগনা স্বাস্থ্য জেলায় বনগাঁ, অশোকনগর, নৈহাটি, বরাহনগর, বলরাম হাসপাতালে। পানিহাটি স্টেট জেনারেল হাসপাতালেও জন স্বাস্থ্য কারিগরি দপ্তর অক্সিজেন প্ল্যান্ট তৈরি করবে।

সম্প্রতি, বারাসত জেলা হাসপাতালে ৫০ বেডের কোভিড হাসপাতাল করা হয়েছে। ৫০ টি বেডেই ভর্তি রয়েছে আক্রান্তরা। কিন্তু আক্রান্তের সংখ্যা প্রতিদিন বৃদ্ধি পাওয়ায় হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে আরও ৬০ জন কোভিড আক্রান্ত রোগী ভর্তি আছেন। আক্রান্তদের অনেকেরই শ্বাসকষ্ট থাকায় অক্সিজেনের চাহিদা দ্রুত বেড়ে গিয়েছে। এছাড়াও হাসপাতালের অন্যান্য রোগীদের জন্যও অক্সিজেনের চাহিদা রয়েছে। সব মিলিয়ে বারাসত হাসপাতালে অক্সিজেনের চাহিদা আগের তুলনায় কয়েক গুন বেড়ে গিয়েছে। কিন্তু চাহিদার তুলনায় জোগান কমে গিয়েছে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, এই মুহূর্তে প্রতিদিন ২০০ সিলিন্ডার অক্সিজেনের প্রয়োজন। শুক্রবার থেকে বারাসত হাসপাতালের ভিতরেই অক্সিজেন প্ল্যান্ট তৈরির কাজ শুরু করবে পিডব্লিউডির সিভিল এবং ইলেকট্রিক বিভাগের কর্মীরা। উৎপাদিত ইউনিট থেকে সিলিন্ডারেও ভর্তি করা হবে। বি এবং ডি-সিলিন্ডার বোঝাই অক্সিজেনের জোগান থাকবে। বারাসত হাসপাতালের এই অক্সিজেন প্ল্যান্ট থেকে প্রতি মিনিটে ৫০০ লিটার অক্সিজেন উৎপাদিত হবে। বারাসত হাসপাতালের সুপার সুব্রত মণ্ডল বলেন, আগামী দিনে উৎপাদনের পরিমাণ বাড়ানো হবে।

কোভিড ম্যানেজমেন্ট অ্যান্ড প্রোটোকল মনিটারিং কমিটির জেলার কো-অর্ডিনেটর তথা বিশিষ্ট চিকিৎসক বিবর্তন সাহা বলেন, শপথ নেওয়ার পরেই কোভিড মোকাবিলাকে অগ্রাধিকার দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। তারই পদক্ষেপ হিসেবে বারাসত সরকারি হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট বসছে, এর থেকে এই মুহূর্তে ভালো কিছু হয় না।

নির্দেশমতো আসানসোল ডিভিশনে বন্ধ রাখা হল ট্রেন

নিজস্ব প্রতিবেদন, আসানসোল: আসানসোল রেল ডিভিশন বৃহস্পতিবার সকালে লোকাল ট্রেন চলেছে। তবে ১১ টার পর থেকে আসানসোল-বর্ধমান এবং অন্ডাল-সাঁইথিয়া সেকশনে লোকাল ট্রেন বন্ধ হয়ে যায় বলে রেল সূত্রে জানা গিয়েছে।

আসানসোল রেল স্টেশনে দেখা গিয়েছে, সকাল ৫টা ২৫-এ ৬৩৫১০, ৭টা ৪০-এ ৬৩৫১২ এবং ১০টা ২০-তে ৬৩৫১৬ নম্বর লোকাল বর্ধমানের উদ্দেশে গিয়েছে। ২টি লোকাল বর্ধমান থেকে ফিরেও এসেছে। তবে ট্রেনগুলিতে যাত্রীসংখ্যা ছিল খুবই কম।

আসানসোল রেল ডিভিশনের জনসংযোগ আধিকারিক গৌতম সরকার বৃহস্পতিবার সকালে বলেন, 'আসানসোল ডিভিশন সার্কুলার করলেই আমি সংবাদমাধ্যমকে জানিয়ে দেব। তবে ঠিক কোন কোন ট্রেন চলেছে, তা আমার জানা নেই। সার্কুলার হাতে পেলেই বলতে পারব।' তবে রেলের একটি সূত্র জানাচ্ছে, ১০.২০-র পরে আসনসোল-বর্ধমান রুটে নতুন করে কোনও লোকাল চলেনি।

আসানসোল রেল ডিভিশন ঝাড়খণ্ড, বিহার এবং পশ্চিমবঙ্গের একাংশ নিয়ে গঠিত। তাই কোন দিকের ট্রেন বন্ধ করতে হবে বা কোন দিকে ট্রেন খোলা রাখতে হবে, সেই বিষয়ে বিহার ও ঝাড়খণ্ড সরকারের সঙ্গে আলোচনারও প্রয়োজন। তাই সিদ্ধান্ত নিতে কিছুটা সময় লাগা স্বাভাবিক বলে রেলের কর্মীদের একাংশ মনে করছেন। প্রসঙ্গত, করোনা সংক্রমণের শৃঙ্খল ভাঙতে বৃহস্পতিবার থেকে লোকাল ট্রেন বন্ধের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য। বুধবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোষণার পরে রাজ্য সরকারের তরফে বিবৃতিতে জানানো হয়েছে, আপাতত আগামী ১৪ দিন লোকাল ট্রেন বন্ধের সিদ্ধান্ত বলবৎ থাকবে।

কোভিডে মৃত জানতে পেরে পালাল ডোম, আতঙ্কে শ্মশানযাত্রীরা

নিজস্ব প্রতিবেদন, জলপাইগুড়ি: করোনা রোগীর মৃতদেহ দেখে শ্মশান ছেড়ে পালিয়ে গেল ডোমেরা। ঘটনায় চাঞ্চল্য জলপাইগুড়ি শহর জুড়ে।

জলপাইগুড়ি কোভিড হাসপাতালে মারা যাওয়া করোনা রোগীদের মৃতদেহ এতদিন দাহ করা হত জলপাইগুড়ি জেলার শাহুডাঙি শ্মশানে। সম্প্রতি, শাহুডাঙি শ্মশানে পড়ে থাকা মৃতদেহের অবস্থার ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়। এরপর নড়েচড়ে বসে জেলা প্রশাসন। সমস্যা মেটাতে তড়িঘড়ি জলপাইগুড়ি পুরসভা ও অন্যান্য দপ্তরের সঙ্গে বৈঠকে বসে জেলা প্রশাসন।

ওই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় জলপাইগুড়ি কোভিড হাসপাতালে মারা যাওয়া রোগীদের দেহ জলপাইগুড়ি শহরে মাসকলাইবাড়ি হিন্দু শ্মশানে গভীর রাতে দাহ করা হবে। এরপর শ্মশান স্যানিটাইজ করা হবে। তারপর থেকে আবার সারাদিন ধরে অন্যান্য মৃতদেহগুলি দাহ করা হবে। এরপর আবার গভীর রাতে করোনা রোগীর মৃতদেহ দাহ করা হবে। এইভাবে পর্যায়ক্রমে চলতে থাকবে কাজ। সিদ্ধান্ত মোতাবেক, বুধবার রাতে জলপাইগুড়ি শ্মশানে আনা হয় করোনায় মৃত ৩ জনের দেহ। এরপরই ছন্দ পতন। করোনা রোগীর মৃতদেহ আনা হয়েছে শুনে শ্মশান ছেড়ে পালায় দুই ডোম। এবার ভোর রাত থেকে একের পর এক সাধারণ মানুষের মৃতদেহ আসতে থাকে। শ্মশান স্যানিটাইজ না হওয়ার ফলে ডোম না আসায় তারা অসহায় অবস্থায় বিভিন্ন মহলে যোগাযোগ করতে

থাকে। তারাই নিজেদের উদ্যোগে ডোমেদের হাতে পায়ে ধরে নিয়ে আসে। কিন্তু ডোমেরা সাফ জানিয়ে দেয় শ্মশানে পিপিই কিট, মাস্ক ইত্যাদি পড়ে আছে। তারা যেহেতু স্থায়ী কর্মী নন তাই শ্মশান স্যানিটাইজ নাহলে তারা দাহ করার কাজ শুরু করবেন না।

খবর পেয়ে নড়েচড়ে বসে জলপাইগুড়ি পুরসভা। এরপর বৃহস্পতিবার দুপুরে শ্মশান স্যানিটাইজ করা হলে ফের শুরু হয় দাহ করার কাজ।

ঘটনায় জলপাইগুড়ি পুর প্রশাসক বোর্ডের সদস্য সৈকত চট্টোপাধ্যায় বলেন, সরকারি সিদ্ধান্ত আমরা মানতে বাধ্য। তাদের বিরুদ্ধে ওঠা যাবতীয় অভিযোগ উড়িয়ে দিয়ে তিনি বলেন, আমি নিজে দাহের সময় উপস্থিত ছিলাম। দাহ শেষ করে শ্মশান স্যানিটাইজ করা হয়েছে। আজ আর একবার স্যানিটাইজ করে তারপর দাহ শুরু হবে। আর যেহেতু আজ প্রথম এই ধরনের রোগীর দেহ দাহ করা হলে, তাই সাময়িক ভাবে কিছু সমস্যা হয়েছে। এরপর থেকে এই সমস্যা মিটে যাবে বলে জানান তিনি।

কুলগাছিয়ায় কংগ্রেসের পার্টি অফিস দখল করল তৃণমূল

নিজস্ব প্রতিবেদন, উলুবেড়িয়া: ভোট পরবর্তী হিংসা বেড়েই চলেছে এ রাজ্যে। ভোটে তৃণমূল কংগ্রেস বিশাল জয় পাওয়ার পর বিজেপি কর্মী সমর্থকদের ওপর হামলা, লুঠপাট-সহ একাধিক অভিযোগ উঠেছে শাসক দল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। কিন্তু এই ভোটে কংগ্রেস ও সিপিএম কোনও সুবিধা না পাওয়ায় কার্যত রাজনৈতিক ময়দানে পিছিয়ে পড়েছে। ফলে তৃণমূল কর্মীদের আক্রোশ তেমন ভাবে এই দুই দলের কর্মী সমর্থকদের ওপর পড়েনি। কিন্তু এবার পড়ল হাওড়ার উলুবেড়িয়া দক্ষিণ বিধানসভা কেন্দ্রের কুলগাছিয়ায়। রাতারাতি যুব কংগ্রেসের একটি অফিসে যুব শব্দটির জায়গায় তৃণমূল লিখে দখল করায় রাজনৈতিক মহলে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। জানা গিয়েছে, কুলগাছিয়া সুপার মার্কেটের পিছনে থাকা এই পার্টি অফিস দীর্ঘদিনের। কিন্তু মঙ্গলবার রাতে এই অফিস দখল করে তৃণমূল কংগ্রেসের পতাকা, ফেস্টুন, ব্যানার লাগানো হয়েছে। বুধবার সকালে এসে কয়েকজন কংগ্রেস কর্মী বিষয়টি দেখে উলুবেড়িয়া থানায় অভিযোগ করে। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। বিষয়টি নিয়ে উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের তৃণমূল নেতা দুলাল কর জানান, 'কে করেছে জানি না। এমন কথা কেউ বলেনি।' অন্যদিকে কংগ্রেসের জেলা সভাপতি পলাশ ভান্ডারী জানান, 'আমাদের কিছু বলার নেই। মানুষ সব দেখছে।'

লাডলো জুট অ্যান্ড স্পেশালিটিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: কেসিআই প্লাজা, ৫ম তল, ২৩সি, আশুতোষ চৌধুরি এভিনিউ, কলকাতা-৭০০০১৯,
দূরভাষ নং. ৪০৫০-৬৩০০, ফ্যাক্স নং. ৪০৫০-৬৩৩৩ ইমেল: info@ludlowjute.com ওয়েবসাইট: www.ludlowjute.com
কর্পোরেট আইডেনটিটি নাম্বার (CIN) L65993WB1979PLC032394

৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষেরর নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

₹ প্রতি শেয়ার ডেটা ব্যতীত টাকার অঙ্ক লাখে

ক্র. নং		স্ট্যান্ডঅ্যালোন			
		ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২১ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২০ (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২০ (নিরীক্ষিত)
১.	কার্যাদি থেকে মোট আয়	১৪৬৭৩	১০৬৫৫	৪১৯৪২	৪১৫৮৩
২.	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ববর্তী)	২৫৯	(১২৭)	১	৬০৪
৩.	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময় কালের জন্য(ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	২৫৯	(১২৭)	১	৬০৪
৪.	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময় কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	১৫৭	(৮৯)	৩	৫০১
৫.	সময়কালের জন্য মোট ব্যাপক আয় (কর পরবর্তী কর এবং অন্যান্য ব্যাপক আয় পরবর্তী সময়ের জন্য লাভ/(ক্ষতি) অন্তর্গত)	২২৪	১০০	৫২	৫৫৪
৬.	ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ₹ ১০/- প্রতিটি)	১০৮০	১০৮০	১০৮০	১০৮০
৭.	মজুত (পুনর্মূল্যায়িত মজুত বাদে, বিগত বর্ষের নিরীক্ষিত উদ্বর্তপত্রে উল্লিখিত মতো)	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	১৫১৭৫	১৫১২৩
৮.	শেয়ার প্রতি আয় (ফেসভ্যালু ₹ ১০/- প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)				
	(ক) মূল	১.৪৫	(০.৮৩)	০.০৩	৪.৬৪
	(খ) মিশ্রিত	১.৪৫	(০.৮৩)	০.০৩	৪.৬৪

দ্রষ্টব্য :

১. ৩১ মার্চ, ২০২১ তারিখে কোম্পানির সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের আর্থিক ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা পুনরিক্ষীত এবং কোম্পানির পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত, ৬ মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত তাদের স্ব স্ব সভায় এবং এটির সীমায়িত পুনরীক্ষণ, বিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা সম্পাদিত।

২. উপরেরটি ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারসংক্ষেপ, যা বোম্বে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে, সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস্, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট বোম্বাই স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.ludlowjute.com) এ পাওয়া যাবে।

৩. ৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানটি হল ৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত সম্পূর্ণ আর্থিক বছরের বিষয়ে নিরীক্ষিত পরিসংখ্যানগুলি এবং ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত তারিখ থেকে বর্ষের পরিসংখ্যানের মধ্যে ভারসাম্য পরিসংখ্যান।

৪. বিগত সময়কালের রাশিসমূহ, যেখানে প্রয়োজন সেখানেই পুনশ্রেণিভুক্ত করা হয়েছে।

পর্ষদের আদেশানুসারে
তন্ময় বেরা
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN-08342972

স্থান : কলকাতা
তারিখ : ০৬.০৫.২০২১